কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

আরও চাকরির খবর ভেতরের পাতায়

বর্ষ ৪২ সংখ্যা ৫০ | কলকাতা | বুধবার, ১৩ জুলাই ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ২৮ আষাঢ় ১৪২৯ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

## দিল্লি পুলিশে ১৪১১ ড্রাইভার

ড্রাইভার ক্যাটেগরিতে ১,৪১১ জন কনস্টেবল নেবে দিল্লি পুলিশ। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৫৪৩, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৬১, তফসিলি জাতি ২৩৬, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ২৬, তফসিলি উপজাতি ৪৫, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ৫, ও বি সি ৩১৮, ও বি সি-প্রাক্তন সমরকর্মী ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ১২৮, আর্থিক ভাবে অনগ্রসর-প্রাক্তন সমরকর্মী ১৪)।

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক**

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে উচ্চমাধ্যমিক। প্রার্থীর বৈধ হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। গাড়ি রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯২ থেকে ১-৭-২০০১ তারিখের মধ্যে। তফসিলি ও খেলোয়াড়রা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৭০ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থী এবং দিল্লি পুলিশে কর্মরত বা অবসরপ্রাপ্ত বা কর্মরত অবস্থায় মৃত কর্মী ও মাল্টি টাস্কিং স্টাফের সন্তানেরা উভয় ক্ষেত্রেই

এরপর তিনের পাতায়

## দিল্লি পুলিশে ৭৭২ হেড কনস্টেবল

হেড কনস্টেবল (অ্যাসিস্ট্যান্ট ওয়্যারলেস অপারেটর/টেলি-প্রিন্টার অপারেটর) পদে ৭৭২ জনকে নেবে দিল্লি পুলিশ। মহিলারাও আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে 'হেড কনস্টেবল (অ্যাসিস্ট্যান্ট ওয়্যারলেস অপারেটর/টেলিপ্রিন্টার অপারেটর) ইন দিল্লি পুলিশ এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে। এ রাজ্যে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস: পুরুষ:** ৪৫৯টি (সাধারণ ১৭১, তফসিলি জাতি ৮৬, তফসিলি উপজাতি ৫৪, ও বি সি ১০২, আর্থিক ভাবে অনগ্রসর ৪৬)। প্রাক্তন

এরপর পাঁচের পাতায়

## তেহরি হাইড্রোতে ট্রেনি ইঞ্জিনিয়ার

### গেট-২০২২ পরীক্ষায় সফল হতে হবে

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায় ৪৯ জন ইঞ্জিনিয়ার ট্রেনি নেবে তেহরি হাইড্রো ডেভেলপমেন্ট কর্পোরেশন। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রথমে ট্রেনিং। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 09/2022.

**শূন্যপদের বিবরণ:** সিভিল ২০টি

এরপর দুয়ের পাতায়

## মাজাগন ডকে ৪৪৫ অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়েল্ডার-সহ বিভিন্ন ট্রেডে ৪৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মাজাগন ডক। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: MDL/ATS/01/2022.

আসনসংখ্যার বিবরণ: **গ্রুপ এ:** ইলেক্ট্রিশিয়ান: ৪০টি, ফিটার: ৪২টি, পাইপ ফিটার: ৬০টি, স্ট্রাকচারাল ফিটার: ৪২টি।

প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বয়স: ১-৭-২০২২ তারিখে ১৫ থেকে ১৯ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: প্রথম তিন মাস প্রতি মাসে ৩,০০০ টাকা, পরবর্তী নয় মাস প্রতি মাসে ৬,০০০ টাকা এবং দ্বিতীয় বর্ষে প্রতি মাসে ৬,৬০০ টাকা।

**গ্রুপ বি:** ফিটার স্ট্রাকচারাল: ৫০টি, ইলেক্ট্রিশিয়ান: ২০টি, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ২০টি, ইলেক্ট্রনিক মেকানিক: ২০টি, পাইপ ফিটার: ২০টি, ওয়েল্ডার: ২০টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২০টি, কার্পেন্টার: ২০টি।

ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ১-৭-২০২২ তারিখে ১৬ থেকে ২১ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: পাইপ ফিটার, ওয়েল্ডার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট এবং কার্পেন্টার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা। বাকি ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০৫০ টাকা।

**গ্রুপ সি:** রিগার: ৩১টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪০টি।

এরপর পাঁচের পাতায়

## হুগলিতে ৩২৫ স্বাস্থ্যকর্মী

বিভিন্ন পদে ৩২৫ জনকে নেবে হুগলি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। পঞ্চদশ অর্থ কমিশনের 'হেলথ গ্রান্ট' এবং ন্যাশনাল হেলথ মিশনে (এন এইচ এম) চুক্তিতে নিয়োগ হবে কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট, স্টাফ নার্স, মেডিক্যাল অফিসার-সহ বিভিন্ন পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHFWS/5191.

**শূন্যপদের বিবরণ: ন্যাশনাল হেলথ মিশন: আই সি টি সি এল টি:** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে স্নাতক বা ডিপ্লোমা। স্নাতকদের ক্ষেত্রে ১ বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকা আবশ্যক। **বয়স:** ৬০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আর্বান:** ১১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অক্সিলারি নার্স মিডওয়াইফারি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষা জানতে হবে। হুগলি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

এরপর পাঁচের পাতায়

## গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ইঞ্জিন টেকনিশিয়ান, সুপারভাইজর, ডিজাইন অ্যাসিস্ট্যান্ট

ইঞ্জিন টেকনিশিয়ান, সুপারভাইজর ও ডিজাইন অ্যাসিস্ট্যান্ট পদে ৫১ জন কর্মী নেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। সুপারভাইজর ও ডিজাইন অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হবে প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে। চুক্তির মেয়াদ সর্বাধিক ২ বছর বৃদ্ধি করা হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HR/SUP: 01/2022.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ইঞ্জিন টেকনিশিয়ান:** মেকানিক্যাল: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

ইলেক্ট্রিক্যাল: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা:

এরপর সাতের পাতায়

## পাওয়ার গ্রিড কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস

৭১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়ার পূর্বাঞ্চল রিজিয়ন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে পশ্চিমবঙ্গ এবং সিকিমে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: Apprenticeship/2022-23/ER-II/01.


ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ: ইলেক্ট্রিক্যাল: গ্র্যাজুয়েট: ১৫টি, ডিপ্লোমা: ২০টি, আই টি আই: ১০টি। সিভিল: গ্র্যাজুয়েট: ৩টি, ডিপ্লোমা: ৮টি। ইলেক্ট্রনিক্স/টেলিকমিউনিকেশন: গ্র্যাজুয়েট: ২টি। কম্পিউটার সায়েন্স: গ্র্যাজুয়েট: ২টি। হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ: ২টি, কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটিজ এক্সিকিউটিভ: ২টি।

সিকিম: ইলেক্ট্রিক্যাল: ডিপ্লোমা: ২টি, গ্র্যাজুয়েট: ২টি। সিভিল: ডিপ্লোমা: ২টি, গ্র্যাজুয়েট: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ। ডিপ্লোমা প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং


এরপর তিনের পাতায়

SEBA INSTITUTE OF NURSING
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum-731236



পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে পড়াশুনা করিয়ে মেয়েদেরকে নিজের পায়ে দাঁড়াতে শেখান
GNM -এ ভর্তি
B.Sc. Nursing চলছে
* Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না।
* Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। * আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। * শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। * কলেজের মধ্যে Hostel এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে।
* INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
যোগাযোগ : বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম
M: 8927925499 / 8250433066

## প্লাস্টিকের বিকল্প ব্যাগ তৈরি করে উপার্জন



পৃথিবী জুড়ে সুস্থ, সুন্দর পরিবেশের অন্তরায় হয়ে দাঁড়িয়েছে প্লাস্টিক। প্লাস্টিকের সামগ্রীর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় প্লাস্টিকের ক্যারি ব্যাগ। সম্প্রতি আমাদের রাজ্যে নিষিদ্ধ করা হয়েছে। প্লাস্টিকের বিকল্প ব্যাগের ব্যবসা শুরু করার এটাই উপযুক্ত সময়। কারণ এর চাহিদা ক্রমশ বাড়বে। অল্প পুঁজি নিয়ে শুরু করা যায় কাগজের ব্যাগ, নন উভেন বা পাটের ব্যাগের ব্যবসা।

**নিজস্ব প্রতিনিধি:** সম্প্রতি আমাদের রাজ্যে নিষিদ্ধ করা হয়েছে প্লাস্টিকের ক্যারি ব্যাগ। পৃথিবী জুড়ে সুস্থ, সুন্দর পরিবেশের অন্তরায় হয়ে দাঁড়িয়েছে প্লাস্টিক। শুধু মানুষ নয়, প্লাস্টিকের জন্য আজ বন্যপ্রাণীরাও বিপদের মুখে।

প্লাস্টিকের সামগ্রীর মধ্যে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় প্লাস্টিকের ক্যারি ব্যাগ। প্লাস্টিক ব্যাগের বিকল্প হিসেবে বর্তমানে দোকান-বাজারে ব্যবহার করা হচ্ছে কাগজের ব্যাগ, নন উভেন কাপড়ের ব্যাগ, পাটের ব্যাগ। স্বাভাবিক ভাবেই এই ধরনের ব্যাগের বিক্রি ইদানীং খুবই বেড়েছে। যদিও চাহিদা

এরপর আটের পাতায়

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ জুন-২৩ জুন

**১৭ জুন** প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার নতুন চেয়ারপার্সন হলেন সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি রঞ্জনাপ্রকাশ দেশাই। কেন্দ্রীয় তথ্য মন্ত্রক এদিন বিজ্ঞপ্তি জারি করে একথা জানিয়েছে। সম্প্রতি এক বৈঠকে এই পদের জন্য বিচারপতি দেশাইয়ের নামে সম্মতি দিয়েছে উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নায়ডু, লোকসভা স্পিকার ওম বিড়লা ও প্রেস কাউন্সিলের সদস্য প্রকাশ দুবের কমিটি। সুপ্রিম কোর্টের বিচারপতি পদ থেকে অবসর নেওয়ার পরে বিচারপতি দেশাই জম্মু-কাশ্মীরের আসন পুনর্বিন্যাস কমিশনের প্রধান ছিলেন।

## আসিয়ান সম্মেলনে পয়গম্বর প্রসঙ্গ



**১৭ জুন:** নয়াদিল্লিতে আসিয়ান-ভারত বিদেশমন্ত্রী পর্যায়ের বৈঠকে উঠে এল পয়গম্বর সংক্রান্ত বিজেপি নেতাদের বিতর্কিত মন্তব্যের প্রসঙ্গ। মুসলিম বিশ্বের সঙ্গে এক সুরে সমালোচনা করল আমেরিকাও। মার্কিন বিদেশ দফতরের মুখপাত্র নেড প্রাইস গোটা ঘটনার নিন্দা করেছেন। পাশাপাশি অবশ্য পয়গম্বর সংক্রান্ত মন্তব্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ায় মোদী সরকারের প্রশংসাও করেছেন তিনি। মার্কিন বিবৃতিতে বলা হয়েছে, 'আমরা বিজেপির বরখাস্ত হওয়া নেত্রীর আক্রমণাত্মক মন্তব্যের তীব্র নিন্দা করি। একই সঙ্গে আমরা খুশি যে শাসকদল বিজেপি সেই মন্তব্যের নিন্দা করেছে এবং অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে।'



“খালিদের বিরুদ্ধে বিশ্বাসযোগ্য তথ্যপ্রমাণ বলতে তাঁর বক্তৃতা, যা মুক্ত সমাজে মৌলিক অধিকার বলে স্বীকৃত। এই ঘটনাটির আলাদা মূল্যায়ন না-করেও বলব এর মধ্যে ভারতের বিচার ব্যবস্থার দৈন্যের ছবি ফুটে উঠেছে। ভারতে মুক্ত নাগরিক এবং প্রতিষ্ঠানগুলির উপরে জুলুম এবং ক্ষেত্র বিশেষে হিংসা চলছে। এসব ঘটনা আদতে সরকারি তরফে ভারতের ধর্মনিরপেক্ষ গণতন্ত্রের পরম্পরা নষ্ট করার বৃহৎ অপচেষ্টা, যা এর বদলে হিন্দু আধিপত্যবাদ কায়েম করতে চায়।”

নোম চমস্কি, *প্রখ্যাত মার্কিন ভাষাতত্ত্ববিদ*
উমর খালিদের বন্দি দশার প্রতিবাদ করে

**আন্তর্জাতিক আর্থিক নজরদারি সংস্থা** এফএটিএফ-এর প্রতিনিধি দল পাকিস্তানে না যাওয়া পর্যন্ত ইসলামাবাদ ওই সংস্থার 'ধূসর' তালিকাতেই থাকবে বলে জানা গেল। জার্মানিতে জঙ্গি কার্যকলাপে আর্থিক মদতের উপরে নজরদারির ওই সংস্থার অধিবেশনে এ কথা জানানো হয়েছে। তবে সংস্থার তরফে এও জানানো হয়েছে যে, পাকিস্তান এফএটিএফ-এর তালিকায় থাকা ৩৪টি কাজই শেষ করে ফেলেছে। এরপর সংস্থার প্রতিনিধি দল পাকিস্তানে গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখার পর সিদ্ধান্ত নেবে।

**সুইস ব্যাঙ্কে ভারতীয়দের গচ্ছিত অর্থের** পরিমাণ গত ১৪ বছরে সর্বোচ্চ স্তরে পৌঁছল। সুইস ন্যাশনাল ব্যাঙ্কের প্রকাশিত তথ্যে দেখা গেল, ২০২১ সালে ভারতীয় ব্যক্তি ও সংস্থাগুলির মোট আমানতের পরিমাণ ৩৮৩ কোটি সুইস ফ্র্যাঙ্ক। ভারতীয় মুদ্রায় যা ৩০ হাজার ৫০০ কোটি টাকারও বেশি। ২০২০ সালে ভারতীয়দের গচ্ছিত অর্থের পরিমাণ ছিল ২৫৫ কোটি সুইস ফ্রাঙ্ক (ভারতীয় অর্থে ২০ হাজার ৭০০ কোটি)। অর্থাৎ এক বছরে ভারতের নাগরিক এবং সংস্থাগুলির গচ্ছিত অর্থের বৃদ্ধি হয়েছে ৫০ শতাংশেরও বেশি।

**উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান** অ্যাসাঞ্জকে আমেরিকায় প্রত্যর্পণে সায় দিল ব্রিটেন। এই বিষয়ে চূড়ান্ত সম্মতি দিয়ে প্রত্যর্পণ নির্দেশে সই করেছেন ব্রিটিশ স্বরাষ্ট্রমন্ত্রী প্রীতি প্যাটেল। ব্রিটেনের মন্ত্রকের দেওয়া বিবৃতিতে বলা হয়েছে জেলে বন্দি থাকলেও অ্যাসাঞ্জকে প্রয়োজনীয় নিরাপত্তা দেওয়া হবে, আমেরিকার এই আশ্বাস নিয়ে সন্দেহ করার কোনও কারণ নেই। উইকিলিকসের প্রতিষ্ঠাতা দোষী সাব্যস্ত হলে আমেরিকায় তাঁর ১৭৫ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। উইকিলিকস সূত্রে জানানো হয়েছে এই নির্দেশের বিরুদ্ধে তারা ফের ব্রিটেনের আদালতে আবেদন করবে।

**১৮ জুন** হিংসা, আন্দোলনের মুখে আবারও 'অগ্নিপথ' প্রকল্পে নিয়মে বদল আনল কেন্দ্র সরকার। মাত্র চার বছরের জন্য সামরিক বাহিনীতে চুক্তির ভিত্তিতে 'অগ্নিবীর' নিয়োগের বিরুদ্ধে দেশ জুড়ে শুরু হয়েছে প্রতিবাদ। তার প্রেক্ষিতেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক ঘোষণা করেছে, কেন্দ্রীয় আধাসেনাবাহিনী ও আসাম রাইফেলসে অগ্নিবীরদের জন্য ১০ শতাংশ আসন সংরক্ষিত থাকবে। একই সঙ্গে প্রতিরক্ষা মন্ত্রকও ঘোষণা করেছে, প্রতিরক্ষা ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত সংস্থা, প্রতিরক্ষামন্ত্রক ও উপকূলরক্ষী বাহিনীতে একইভাবে 'অগ্নিবীরদের' জন্য ১০ শতাংশ আসন সংরক্ষিত থাকবে।

**১৯ জুন** অগ্নিপথ প্রকল্প নিয়ে দেশজুড়ে যুব সমাজের বিক্ষোভকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর অব্যাহত রইল। অগ্নিপথ শব্দবন্ধকে কটাক্ষ করে কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেন, 'বারবার চাকরির মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে নরেন্দ্র মোদী সরকার যুবকদের বেকারত্বের আগুনের পথ (অগ্নিপথ)-এ চলতে বাধ্য করেছেন। দেশের এই পরিস্থিতির জন্য কেবল দায়ী শুধু প্রধানমন্ত্রীই।' অন্যদিকে, নরেন্দ্র মোদী বিরোধীদের উদ্দেশে বলেছেন 'এটা দেশের দুর্ভাগ্য যে, ভালো উদ্দেশ্যে আনা অনেক ভালো জিনিস রাজনীতির রঙে আটকা পড়ে যায়। টিআরপি-র বাধ্যবাধকতায় সংবাদমাধ্যমও তাতে জড়িয়ে পড়ে।'

**ভারত ও বাংলাদেশের যৌথ পরামর্শ** বৈঠকের সপ্তম দফায় দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর ও বাংলাদেশের বিদেশমন্ত্রী এ কে আব্দুল মোমেন। বৈঠকের পর দুই বিদেশমন্ত্রী বলেছেন, অতিমারির চ্যালেঞ্জ সত্ত্বেও নিরাপত্তা, সীমান্ত নিয়ন্ত্রণ বাণিজ্য-সহ সব ক্ষেত্রেই আগের চেয়েও বেড়েছে দুই দেশের সহযোগিতা। উল্লেখ্য, কোভিড অতিমারির পর এই প্রথম যৌথ পরামর্শ বৈঠকে বসলেন দু'দেশের প্রতিনিধিরা।

## প্রথম বামপন্থী প্রেসিডেন্ট কলম্বিয়ায়



**২০ জুন:** কলম্বিয়ায় এই প্রথম কোনও বামপন্থী নেতা প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হলেন। সাবেক গেরিলা যোদ্ধা বামপন্থী নেতা গুস্তাভো পেত্রো ৫০.৪৮ শতাংশ ভোট পেয়ে জয়লাভ করেছেন। তাঁর প্রতিদ্বন্দ্বী ধনকুবের দক্ষিণপন্থী রোদোলফো এরনান্দেজ ৪৭.২৬ শতাংশ ভোট পেয়েছেন। এম-১৯ গেরিলা আন্দোলনের সদস্য ৬২ বছরের পেত্রো জয়ের পরে টুইট করে বলেছেন, 'দেশে খুশির বন্যা বয়ে যাচ্ছে। তা বহু কষ্টকে লাঘব করবে।'

## নিলামে শান্তির নোবেল পদক



**২১ জুন:** নোবেলজয়ী রুশ সাংবাদিক দিমিত্রি মুরাতভ ইউক্রেনের শরণার্থী শিশুদের পুনর্বাসনের জন্য নিজের নোবেল শান্তি পুরস্কারের স্বর্ণপদকটাই নিলামে তুলে বিক্রি করে দিলেন। নিউইয়র্কের 'হেরিটেজ অকশন' নামে একটি সংস্থার তরফে ওই নিলামের আয়োজন করা হয়েছিল। প্রায় ১০ কোটি ৩৫ লক্ষ ডলারে বিক্রি হয়েছে পদকটি। ১৯৯৩ সালে সোভিয়েত রাশিয়ার পতনের পরে কয়েকজন সাংবাদিককে নিয়ে 'নোভায়া গেজেটা' নামে একটি সংবাদপত্র প্রকাশ করেন মুরাতভ।

**২০ জুন** ফরাসি সংসদে সংখ্যাগরিষ্ঠতা হারালেন প্রেসিডেন্ট ইমানুয়েল মাকরঁ। আইনসভার নির্বাচনে ন্যাশনাল অ্যাসেম্বলিতে তাঁর দল সবথেকে বেশি ভোট পেলেও নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়নি। ফ্রান্সের ন্যাশনাল অ্যাসেম্বলিতে মোট আসন সংখ্যা ৫৭৭। সংখ্যাগরিষ্ঠতার জন্য দরকার ছিল ২৮৯টি আসন। কিন্তু মাকরঁ-র দল পেয়েছে ২৪৫টি আসন। ফলে ভবিষ্যতে আইনসভায় কোনও সিদ্ধান্ত পাশ করাতে গেলে অসুবিধার মুখে পড়তে হতে পারে মাকরঁ-র দলকে।

**রাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদের** সভাপতির পদ থেকে তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্যকে অপসারণের নির্দেশ দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। নতুন সভাপতি নিযুক্ত না হওয়া পর্যন্ত পর্ষদের সচিব রত্না বাগচী চক্রবর্তী ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। আইনজীবীদের পর্যবেক্ষণ, গুরুত্বপূর্ণ মামলায় আদালতকে বিভ্রান্ত করার অভিযোগেই মানিককে তাঁর পদ থেকে সরানোর নির্দেশ দিয়েছে কোর্ট।

**২১ জুন** রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধীদের প্রার্থী যশবন্ত সিনহা-র নাম ঘোষণা হওয়ার পর ক্ষমতাসীন এনডিএ-ও প্রার্থীর নাম ঘোষণা করে দিল। শাসক জোট জানাল, ঝাড়খণ্ডের প্রাক্তন রাজ্যপাল দ্রৌপদী মুর্মুকে প্রার্থী করছে তারা। এই প্রথম ওড়িশা থেকে কারও রাষ্ট্রপতি হওয়ার সম্ভাবনা তৈরি হওয়ায় বিজেডি নেতা ও সে রাজ্যের মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কও জানিয়েছেন এটি গর্বের মুহূর্ত।

**হাওড়ার আমতায় ছাত্রনেতা আনিস** খানের অস্বাভাবিক মৃত্যুর রহস্যভেদের জন্য রাজ্য পুলিশের বিশেষ তদন্তকারী দল (সিট)-এর উপরই আস্থা রাখল হাইকোর্ট। বিচারপতি রাজশেখর মান্থা এদিন সিটকে দ্রুত চার্জশিট পেশ করার নির্দেশ দেন। চার্জশিট দাখিলের পরে দ্রুত চার্জ গঠন করার জন্য নিম্ন আদালতকেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আনিসের বাবা প্রথম থেকেই এই ঘটনায় সিবিআই তদন্তের আবেদন জানালেও হাইকোর্টে সেই আর্জি খারিজ হয়ে গেল।

**অগ্নিপথ প্রকল্প নিয়ে দেশজুড়ে** যুবসমাজের একাংশ ও বিরোধীরা বিক্ষোভ দেখালেও কোনওভাবেই ওই প্রকল্প প্রত্যাহার করে নেওয়া হবে না বলে জানিয়ে দিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল। উল্লেখ্য, অগ্নিপথ প্রকল্পের স্বল্পমেয়াদের চাকরি জীবন ও অবসরের পরে পেনশনের ব্যবস্থা না থাকার বিরুদ্ধে আন্দোলনে নামেন যুব সমাজের একাংশ। যদিও সেনা কর্তৃপক্ষের দাবি, মূলত জওয়ানদের গড় বয়স কমাতেই চার বছরের জন্য চুক্তিভিত্তিক সেনা নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**হোয়াইট হাউসের বিজ্ঞান উপদেষ্টা** হিসেবে ভারতীয় বংশোদ্ভূত মার্কিন বিজ্ঞানী আরতি প্রভাকরকে নিযুক্ত করলেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। এর একদিন আগেই তাঁকে নির্বাচিত করেন বাইডেন। সেনেট জানিয়েছে, প্রভাকর বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে প্রেসিডেন্টের উপদেষ্টা হিসেবে কাজ করবেন। তিনি প্রেসিডেন্টের ক্যাবিনেটেরও সদস্য হবেন।

**২৩ জুন** রাজ্যের মধ্যশিক্ষা পর্ষদের অ্যাড-হক কমিটি পুনর্গঠিত হল। সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়ের মেয়াদ পেরিয়ে যাওয়ায় তাঁর জায়গায় নতুন সভাপতি হলেন রামানুজ গঙ্গোপাধ্যায়। তিনি হলেন পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের (বারাসাত) সমাজতত্ত্বের অধ্যাপক। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দায়িত্বও পালন করেছেন ২০১৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত। প্রসঙ্গত পর্ষদের সভাপতি হিসেবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের দায়িত্বগ্রহণের নজির সম্প্রতি নেই।

## অগ্নিপথ বিক্ষোভ নিল হিংসার চেহারা



**১৭ জুন:** অগ্নিপথ প্রকল্প ঘিরে চলতে থাকা দেশজোড়া বিক্ষোভ তৃতীয় দিনে আরও হিংসাত্মক চেহারা নিল। এদিন পর্যন্ত সারা দেশে অন্তত এক ডজন ট্রেন পুড়েছে। বিক্ষোভ ছড়িয়েছে দক্ষিণ ভারতেও। তেলেঙ্গানার সেকেন্দরাবাদে বিক্ষোভ ঘিরে খণ্ডযুদ্ধে ১৯ বছর বয়সি এক যুবকের মৃত্যু হয়েছে। এত অশান্তির মধ্যেও সেনাবাহিনী জানিয়েছে খুব শীঘ্র নিয়োগ সংক্রান্ত নির্দেশিকা জারি করা হবে। আগামী ডিসেম্বরের মধ্যেই অগ্নিবীরদের প্রথম ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে বলে জানিয়েছেন সেনাপ্রধান। ছ'মাসের প্রশিক্ষণ শেষে শান্তিপূর্ণ এলাকা ও সীমান্তে অগ্নিবীরদের মোতায়েন করা হবে বলে জানা গিয়েছে। দ্রুত নিয়োগ শুরু করলে কেন্দ্রের আশা বিক্ষোভও তাড়াতাড়ি কমে আসবে।

## অবসর নিলেন রুমেলি ধর



**২২ জুন:** সব ধরনের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন ভারতের মহিলা ক্রিকেট দলের প্রাক্তন মিডিয়াম পেস বোলার রুমেলি ধর। ৩৮ বছর বয়সি প্রাক্তন ভারত অধিনায়ক রুমেলির ক্রিকেট জীবন ২৩ বছরের। বাংলা ছাড়াও আসাম, রেলওয়েজ, দিল্লি, রাজস্থানের হয়েও ঘরোয়া ক্রিকেট খেলেছেন রুমেলি। ২০০৫ সালে দেশের হয়ে খেলেছেন বিশ্বকাপ ফাইনাল। আন্তর্জাতিক ক্রিকেটে চারটি টেস্ট এবং ৭৮টি একদিনের ম্যাচ খেলেছেন তিনি। একদিনের ক্রিকেটে ৯৬১ রানের পাশাপাশি পেয়েছেন ৬৩ উইকেট।

## বিধ্বংসী কম্পনে আফগানিস্তানে মৃত হাজার



**২২ জুন:** পূর্ব আফগানিস্তানের পাকিস্তান সীমান্তবর্তী পাকতিকা প্রদেশে তীব্র ভূমিকম্পে অন্তত হাজার মানুষের মৃত্যু হল। অন্তত দেড় হাজার মানুষ আহত হয়েছেন। পাহাড়ের দুর্গম অঞ্চলে উদ্ধারকারী দল পৌঁছতে না পারায় অনেক জায়গাতেই হতাহতের পরিসংখ্যান অজানা রয়ে গিয়েছে। দু'দশক পর এমন প্রাণঘাতী ভূমিকম্প দেখল আফগানিস্তান। কম্পনের কেন্দ্র ছিল পাকিস্তানের খোস্ত শহর থেকে ৩১ মাইল দূরে। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৬.১ হলেও ভূপৃষ্ঠ থেকে মাত্র ১০ কিলোমিটার গভীরে ভূমিকম্পের উৎসস্থল হওয়ায় বিশেষজ্ঞদের ধারণা ক্ষয়ক্ষতি এত বেশি হয়েছে।

## ফিনল্যান্ডে বিশ্বসেরা নীরজ




**১৮ জুন:** ফিনল্যান্ডে কুয়োরতানে গেমসে বিশ্ব চ্যাম্পিয়ন অ্যান্ডারসন পিটার্সকে হারিয়ে সেরা হলেন ভারতের সোনাজয়ী জ্যাভলার নীরজ চোপড়া। এক সপ্তাহের মধ্যে দু'বার তিনি অ্যান্ডারসনকে হারালেন। টোকিয়ো অলিম্পিক্সে চ্যাম্পিয়ন হওয়ার পরে প্রথম কোনও প্রতিযোগিতায় আবার সেরার পদক পেলেন নীরজ। এদিন নীরজের প্রথম থ্রো-ই ছিল ৮৬.৬৯ মিটারের। দেখা যায়, সেটাই নীরজকে বাকি প্রতিপক্ষদের থেকে এগিয়ে দিয়েছে।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## স্পেশ্যাল এডুকেশনের ডি এড এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি

রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়ার মাধ্যমে দেশের একাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে স্পেশ্যাল এডুকেশন (ভিস্যুয়ালি ইম্পেয়ার্ড, হিয়ারিং ইম্পেয়ার্ড, ইন্টেলেকচুয়াল অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটি, মাল্টিপল ডিজ্যাবিলিটিজ)-এর ডি এড স্পেশ্যাল এড কোর্স, ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রিটেশন এবং টিচিং ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজের ডিপ্লোমা-সহ বিভিন্ন কোর্সে ভর্তি চলছে। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩০ ও ৩১ জুলাই।

কোর্সের বিবরণ: **ডি এড ইন স্পেশ্যাল এডুকেশন:** বিষয়গুলি হল: ভিস্যুয়াল ইম্পেয়ারমেন্ট, হিয়ারিং ইম্পেয়ারমেন্ট, ইন্টেলেকচুয়াল অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ, মাল্টিপল ডিজ্যাবিলিটিজ)।

**ডিপ্লোমা ইন:** কমিউনিটি বেসড রিহ্যাবিলিটেশন, আর্লি চাইল্ডহুড স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট, ভিস্যুয়াল ইম্পেয়ারমেন্ট, ইন্টেলেকচুয়াল ডিজ্যাবিলিটি), ভোকেশনাল রিহ্যাবিলিটেশন। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ।

**ডিপ্লোমা ইন ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রিটেশন এবং টিচিং ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজেস।** শিক্ষাগত যোগ্যতা: টিচিং ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজের কোর্সে শুধু শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীরাই ভর্তি হতে পারবেন। টিচিং ইন্ডিয়ান সাইন ল্যাঙ্গুয়েজে ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। এর পাশাপাশি ডিজ্যাবিলিটি (ডিফ) সার্টিফিকেট থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

ডিপ্লোমা ইন স্পেশ্যাল এডুকেশন (ভিস্যুয়ালি ইম্পেয়ার্ড) কোর্সটি পড়ানো হয় সুর্যপুরের রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন টিচার্স ট্রেনিং কলেজ। কোর্সের মেয়াদ ২ বছর। প্রতিষ্ঠানের তরফে লেকচারার **অনুপ কুমার পাল** জানিয়েছেন, এই কোর্স সম্পূর্ণ করে প্রার্থীরা প্রাইমারি, আপার-প্রাইমারি স্কুল, স্পেশ্যাল স্কুল, কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়, এন জি ও, স্বাস্থ্যক্ষেত্র এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রীয় সরকারি প্রকল্পে চাকরির সুযোগ রয়েছে। পূর্বে এই প্রতিষ্ঠানের বহু ছাত্রছাত্রী কেন্দ্রীয় ও রাজ্য সরকারি স্কুলে চাকরি পেয়েছেন। তিনি আরও বলেন, স্পেশ্যাল এডুকেশনে বি এড বা ডি এড, ডি এল এড ও সাধারণ বি এড-এর সমতুল। অর্থাৎ এই কোর্সগুলি করে সাধারণ স্কুলে চাকরি পাওয়া সম্ভব। শুধু পশ্চিমবঙ্গই নয়, সারা দেশেই স্পেশ্যাল এডুকেটর সংখ্যায় ঘাটতি রয়েছে অনেক। অতি সম্প্রতি রাজ্য সরকারের তরফে কয়েক হাজার স্পেশ্যাল এডুকেটের নিয়োগ করার জন্য অর্থ দপ্তরের অনুমোদন চাওয়া হয়েছে। আশা করা যায়, খুব শীঘ্রই বিপুল সংখ্যক স্পেশ্যাল এডুকেটর নিয়োগ করা হবে সরকারি স্কুলগুলিতে।

কোর্সে ভর্তির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩০ ও ৩১ **জুলাই।** ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, নিউমেরিক্যালস, রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস এবং সংশ্লিষ্ট বিষয়ে।

প্রথমে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হয় এই ওয়েবসাইটের মাধ্যমে: http://rehabcouncil.nic.in আবেদনের শেষ তারিখ ২১ জুলাই। আবেদনের সময় প্রার্থীর ফটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৩৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না। **ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া** ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৫ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: অনুপ কুমার পাল: ৭০০৩৬-০২২৪৩। ওয়েবসাইট: www.rkvmsuryapur.in

## জি পি বিড়লা স্কলারশিপ ২০২২

২০২২ সালে উচ্চমাধ্যমিক পাশ কিছু ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেবে জি পি বিড়লা এডুকেশন ফাউন্ডেশন। স্নাতক স্তরে সায়েন্স বা আর্টস বা কমার্স বা ইঞ্জিনিয়ারিং বা মেডিসিন বা আর্কিটেকচার বা ল বা পেশাদারি বিষয় নিয়ে পড়তে ইচ্ছুকরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেন্ডারি এডুকেশন বোর্ডের মোট অন্তত ৮০ শতাংশ এবং আই এস সি বা সি বি এস ই বোর্ডের ক্ষেত্রে মোট অন্তত ৮৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৩ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৫০,০০০ টাকা। শর্তসাপেক্ষে স্কলারশিপ দেওয়া হবে সর্বাধিক ৪ বছরের জন্য। এ ছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন ৭,০০০ টাকা দেওয়া হবে।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ নেওয়া হবে অক্টোবরে।

আবেদন করতে পারেন অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.gpbirlaedufoundation.com আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: G.P. Birla Educational Foundation, 78, Syed Amir Ali Avenue, Kolkata-700 019.

অনলাইন আবেদন করতে পারেন উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। দরখাস্তের শেষ তারিখ ৩১ অগস্ট। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, পারিবারিক বার্ষিক আয়ের প্রমাণপত্র, উচ্চমাধ্যমিকের মার্কশিট, প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্সে ভর্তি

এগ্রিকালচার ও হর্টিকালচারের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে প্রতিষ্ঠানের দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ান ও কোচবিহারের পুন্ডিবাড়ি ক্যাম্পাসে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোর্স শুরু হবে অগস্ট মাসে। বিজ্ঞপ্তি নম্বর: UBKV-UG/01/2022.

**আসনসংখ্যা: বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** কোচবিহার: ৬৬টি। দক্ষিণ দিনাজপুর: ৩০টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** কোচবিহার: ৩০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা এগ্রিকালচার বা হর্টিকালচার পড়ে থাকতে হবে।

ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ।

উভয় ক্ষেত্রেই মাধ্যমিকে ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৬-২০২২ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ubkv.ac.in আবেদনের শেষ তারিখ ১৫ জুলাই।

### অনলাইনে আপলোড করতে হবে

- ✓ প্রার্থীর সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে জন্মশংসাপত্র বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (উভয়ই ২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৬০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## টেক্সটাইল মন্ত্রকে চাকরি

২৩ জন অ্যাটেন্ড্যান্ট ও জুনিয়র উইভার নেবে কেন্দ্রের বস্ত্র মন্ত্রক। প্রার্থীদের নিয়োগ করা হবে দেশের বিভিন্ন উইভার্স সার্ভিস সেন্টার এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WSC/DLH/Admn.1(3)/2022/01.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র উইভার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৮ বছরের অভিজ্ঞতা থাকা চাই। হ্যান্ডলুম টেকনোলজি বা হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা বা হ্যান্ডলুম উইভিংয়ে ২ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (উইভিং):** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল উইভিং বা ওয়াইন্ডিং বা ওয়ারপিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে উইভিং শাখায় অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বুক বাঁধিং, স্যাম্পল কাটিং ও বুকলেট তৈরির কাজ জানা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (প্রসেসিং):** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল ডায়িং বা প্রিন্টিং বা ফেব্রিক প্রিন্টিং বা স্ক্রিন প্রিন্টিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত ডায়িং বা প্রসেসিং হাউসে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি থেকে ডায়িং অ্যান্ড প্রিন্টিংয়ে অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**বয়স:** সব ক্ষেত্রেই ৩০ বছরের মধ্যে হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.handlooms.nic.in পূরণ করবেন যথাযথ ভাবে।

২৮ অগস্টের মধ্যে পূরণ করা দরখাস্ত প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Weavers' Service Centre, B-2 Weavers Colony, Bharat Nagar, Delhi-110052.

প্রার্থী বাছাই পদ্ধতি, দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্কলারশিপের খোঁজখবর

## দ্য লিপ স্কলারশিপ ২০২২

ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, আমেরিকা, কানাডা বা আয়ার্ল্যান্ডে ৮ মাস বা তার বেশি মেয়াদের কোনও কোর্সে পড়ার সুযোগ পেয়েছে এমন ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লিপস্কলার।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা স্নাতক স্তরে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং আই ই এল টি এস পরীক্ষায় অন্তত ৬ স্কোর করে থাকতে হবে। বয়স অন্তত ২১ বছরের হতে হবে। ফ্রেশার বা সর্বাধিক ৪ বছরের অভিজ্ঞতাসম্পন্নরা আবেদন করতে পারেন।

**স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফিয়ের পুরো খরচ বহন করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TLS1 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

## এল আই সি এইচ এফ এল বিদ্যাধন স্কলারশিপ ২০২২

একাদশ শ্রেণি, স্নাতক ও স্নাতকোত্তর স্তরের প্রথম বর্ষে পাঠরত আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এল আই সি এইচ এফ এল।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীর শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় ৩ লাখ ৬০ হাজার টাকার নীচে হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/LHVT3 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

## প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় শিশু পুরস্কার ২০২৩

শিক্ষা, উদ্ভাবন, ক্রীড়া, কলা, সংস্কৃতি, সমাজসেবা, সঙ্গীত ক্ষেত্রে দক্ষ শিশু-কিশোরদের তাদের কৃতিত্বের জন্য পুরস্কার দেবে কেন্দ্রের মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রক। আবেদন করা যাচ্ছে।

৩১-৮-২০২২ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৮ বছরের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/PRP7 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ইঞ্জিন টেকনিশিয়ান, সুপারভাইজর, ডিজাইন অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

**সুপারভাইজর:** মেকানিক্যাল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

ইলেক্ট্রিক্যাল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

ন্যাভাল আর্কিটেকচার: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ন্যাভাল আর্কিটেকচার বা শিপবিল্ডিং বা ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড ওশান ইঞ্জিনিয়ারিং বা ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল। অথবা শিপবিল্ডিং অ্যান্ড রিপেয়ারে বি এসসি।

অ্যাডমিন অ্যান্ড এইচ আর: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার ল বা লেবার ওয়েলফেয়ার বিষয়ে ডিপ্লোমা বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা বিজনেস ম্যানেজমেন্টে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

ফার্মাসি: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে ডিপ্লোমা বা সমতুল।

**ডিজাইন অ্যাসিস্ট্যান্ট:** মেকানিক্যাল: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

ইলেক্ট্রিক্যাল: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

সিভিল: ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সমতুল।

**বয়স:** সব ক্ষেত্রেই ১-৭-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** সব ক্ষেত্রেই ২৩,৮০০-৮৩,৩০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.grse.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# প্লাস্টিকের বিকল্প ব্যাগ তৈরি করে উপার্জন

*প্রথম পাতার পর*

অনুযায়ী উৎপাদন এখনও বেশ কম।

এটাই উপযুক্ত সময় প্লাস্টিকের বিকল্প ব্যাগের ব্যবসা করার। কারণ এর চাহিদা ক্রমশ বাড়বে। অল্প পুঁজি নিয়ে শুরু করা যায় কাগজের ব্যাগ, নন উভেন বা পাটের ব্যাগের ব্যবসা। প্রয়োজনে কয়েক জন মিলে একটা দল তৈরি করেও ব্যবসা শুরু করতে পারেন।

## নন উভেন কাপড়ের ব্যাগ

প্লাস্টিক ব্যাগের বিকল্প হিসেবে সবচেয়ে বেশি ব্যবহৃত নন উভেন কাপড়ের ব্যাগ বা নন উভেন টিস্যু ব্যাগ। এর কারণ, নন উভেন কাপড়ের ব্যাগের দাম অন্যান্য বিকল্প ব্যাগগুলির তুলনায় বেশ কম। এই ব্যাগ তৈরির জন্য দু'ধরনের মেশিন পাওয়া যায়, অটোমেটিক এবং সেমি অটোমেটিক। অটোমেটিক মেশিন চালিয়ে এক জনই উৎপাদন করতে পারেন। এই মেশিনে নন উভেন কাপড়ের রোল লাগিয়ে দিলে কাপড় কাটা থেকে সেলাই, পুরো কাজ মেশিনই করে দেয়। অটোমেটিক মেশিনে ছোট ব্যাগ এক মিনিটে ৫০-৬০টা তৈরি হয়। মেশিন স্বয়ংক্রিয় হলেও যখন সেটা চলবে তখন এক জনকে দাঁড়িয়ে নজর রাখতে হবে। অনেক সময় রোলের মধ্যে কাপড় কাটা থাকলে আর সেটা নজর না করলে মেশিনে জড়িয়ে উৎপাদন বন্ধ হয়ে যেতে পারে। সেমি অটোমেটিক মেশিনটি অনেকটা সেলাই মেশিনের মতো দেখতে। একই সাইজের নন উভেন কাপড় মেশিনে দিলে ব্যাগের আকারে কেটে বেরিয়ে আসবে, তারপর ব্যাগগুলি একত্রে পাঞ্চিং মেশিনের তলায় নিয়ে গেলে, ডাইস অনুযায়ী সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়ে যাবে।

এই ব্যবসায় কাঁচামাল বলতে শুধুমাত্র নন উভেন কাপড়। বিভিন্ন মানের কাপড় পাওয়া যায়। সেমি অটোমেটিক মেশিনের জন্য ১০×১২ ফুট মাপের একটি ঘর থাকলেই উৎপাদন শুরু করা যায়। তবে, ব্যবসার পরিধি বাড়াতে গেলে অটোমেটিক মেশিন প্রয়োজন। একটি অটোমেটিক মেশিনের দৈর্ঘ্য ২৪ ফুটের মতো, তাই জায়গাও বড় হওয়া চাই। তবে, প্রথমে বাজার সমীক্ষা করে স্বল্প পুঁজি বিনিয়োগ করেই ব্যবসা শুরু করা উচিত।

## কাগজের ব্যাগ

কাগজের শপিং ব্যাগের চাহিদা আছে। পাড়ার গিফট শপ থেকে বহুজাতিক সংস্থা, প্রয়োজন অনুযায়ী কাগজের ব্যাগ অর্ডার দিয়ে তৈরি করিয়ে নেয়। সংস্থার অর্ডার অনুযায়ী ব্যাগ তৈরি করে আয় করা সম্ভব। এছাড়া যোগাযোগ করুন মিষ্টি-ব্যবসায়ী, বস্ত্র বিক্রেতা, কনফেকশনার সংস্থাগুলির সঙ্গে।

কাগজের ব্যাগ প্লাস্টিক ব্যাগের তুলনায় দেখতেও বেশি সুন্দর ও স্মার্ট। কাগজের ব্যাগ তৈরি হয় ব্রাউন পেপার দিয়ে। পাতলা, মোটা, বিভিন্ন ধরনের ব্রাউন পেপার বাজারে পাওয়া যায়। কাগজের ব্যাগ বা প্যাকেট কোন কাজে ব্যবহৃত হবে তার উপর নির্ভর করে কোন কোয়ালিটির ব্রাউন পেপার লাগবে। দোকান থেকে ব্রেড, রোল, প্যাটিস ইত্যাদি খাবার দেওয়ার জন্য সাধারণত পাতলা ব্রাউন পেপার ব্যবহার করা হয়। আবার পোশাকের দোকান বা গ্রসারিতে জিনিস নেওয়ার জন্য একটু শক্তপোক্ত ব্যাগ প্রয়োজন। এই সব ক্ষেত্রে ব্রাউন পেপার ছাড়াও অন্য রঙের শক্ত কাগজ বা হ্যান্ডমেড কাগজ দিয়েও কাগজের ব্যাগ তৈরি হয়। এছাড়া গিফট দেওয়ার জন্যও বিভিন্ন কাগজ দিয়ে নানা আয়তনের কাগজের ব্যাগ তৈরি হয়।

কাগজ বিভিন্ন রকম হতে পারে, কিন্তু তার জন্য বিভিন্ন ধরনের মেশিনের প্রয়োজন নেই। পেপার ব্যাগ বানানোর জন্য মেশিনের ব্যবহার করতেই হবে এমন কোনও কথা নেই। আপনি পেপার ব্যাগ হাতেও তৈরি করতে পারেন। তবে ব্যবসার অগ্রগতির জন্য ও ভালো ফিনিশিংয়ের জন্য মেশিনই প্রয়োজন।

## পাটের ব্যাগ

রাজ্য ও দেশের বিভিন্ন হস্তশিল্প মেলা ও প্রদর্শনীতে পাটের তৈরি নানা সামগ্রীর চাহিদা ক্রমবর্ধমান। সাধারণ পাটের ব্যাগের পাশাপাশি শৌখিন পাটের ব্যাগেরও রমরমা। পাট প্রাকৃতিক তন্তু। তাই ভারতে তৈরি পাটের ব্যাগের রপ্তানি বেড়েছে ইউরোপ, আমেরিকা ও এশিয়ার বিভিন্ন দেশে। পাটের ব্যাগ টেকসই এবং জল দিয়ে পরিষ্কার করা যায়। কাজেই ব্যবহার করা যায় অনেক দিন।

পাট দিয়ে নানা রকম ব্যাগ তৈরি করে ব্যবসা করার কথা ভাবতে পারেন আগ্রহী যুবক-যুবতীরা।

ব্যাগ তৈরির জন্য ১০-১৫ হাজার টাকার মধ্যে সেলাই মেশিন কিনতে পাওয়া যায়। এর সঙ্গে কাঁচি, স্কেল, সুতো ইত্যাদি স্থায়ী মূলধন ও কাঁচামালের ব্যয় ধরে ২০-২৫ হাজার টাকা বিনিয়োগ করেই পাটের ব্যাগের ব্যবসা শুরু করতে পারেন। ব্যবসা জমে গেলে অটোমেটিক মেশিন কিনে ফেলা ভালো, তাতে কম সময়ে বেশি উৎপাদন হবে। একা কাজটা না করে কয়েক জনকে সঙ্গে নিলে সুবিধা হবে। তবে একটা কথা মনে রাখবেন। পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেয় কেন্দ্রীয় সরকারের সংস্থা নিরজাফট। প্রশিক্ষণ নেওয়া থাকলে স্বাধীন ভাবে ব্যবসা শুরু করতে সুবিধা হবে। আবার কোনও সংস্থার সঙ্গে যুক্ত হয়েও কাজ করতে পারবেন। সবচেয়ে বড় কথা, প্রশিক্ষণের সার্টিফিকেট থাকলে সরকারি ও ব্যাঙ্ক-ঋণ পেতে সুবিধা হবে।

## কোথায় প্রশিক্ষণ

বিভিন্ন ধরনের পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেয় কেন্দ্রীয় সরকারের সংস্থা আইসিএআর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (নিরজাফট)। প্রশিক্ষণের মেয়াদ ১৫ দিন। সংস্থার তরফে জানানো হয়েছে, অগস্ট থেকে ফের ক্লাস শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। যথাসময়ে বিজ্ঞাপনের মাধ্যমে ক্লাস শুরুর দিনক্ষণ জানিয়ে দেবে কর্তৃপক্ষ। ক্লাস হবে সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বা বয়সের কোনও বাধানিষেধ নেই। তবে প্রার্থী নির্বাচনের সময় কর্মহীনদের গুরুত্ব দেওয়া হয়। দৈনিক ৫০ ও ১০০ টাকার বিনিময়ে হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। খাবারের ব্যবস্থা নিজেকেই করে নিতে হবে।

সফল ভাবে প্রশিক্ষণের পর সার্টিফিকেট পাবেন। এই সার্টিফিকেট দেখিয়ে কেন্দ্রীয় বস্ত্রবয়ন মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের (পূর্বাঞ্চল) অফিস থেকে আর্টিজান বা হস্তশিল্পী হিসেবে স্বীকৃতি-কার্ড পাওয়া যায়। সে স্বীকৃতি-কার্ড দেখিয়ে আর্টিজান হিসেবে নাম নথিভুক্ত করা যায় মেলা শিল্পকেন্দ্রগুলিতে। ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সুবিধা হয়। প্রশিক্ষণ নেওয়ার পর এই সংস্থার কাছ থেকেই চাইলে কাঁচামাল কিনে কাজ শুরু করতে পারেন। কাজ শেখানোর পাশাপাশি ব্যবসার খুঁটিনাটি বিষয়ও শেখানো হয় কোর্সে। উৎসাহ দেওয়া হয় হস্তশিল্প মেলায় অংশগ্রহণে। কেবল বিক্রির জন্য নয়, মানুষের পছন্দ ও চাহিদা বোঝার জন্যও।

প্রসঙ্গত, এই সময় কলকাতার ন্যাশনাল লাইব্রেরিতে চলেছে পাটজাত শিল্পের মেলা। উদ্যোক্তা ন্যাশনাল জুট বোর্ড। মেলা চলবে ১৭ জুলাই পর্যন্ত, প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধে ৭টা। কেবল পাটের ব্যাগ নয়, এখানে বিক্রি হচ্ছে পাটের গয়না, ম্যাট, উপহার সামগ্রী, ওয়াল হ্যাঙ্গিং ও অন্যান্য হস্তশিল্প সামগ্রী। এই মেলায় যোগ দিয়েছেন পাটজাত নানাবিধ সামগ্রীর উৎপাদকরা। মেলায় এসব জিনিসের চাহিদাও চোখে পড়ার মতো। যাঁরা পাটজাত সামগ্রীর ব্যবসা করতে ইচ্ছুক তাঁরা এই মেলায় ঘুরেও অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

সার্টিফিকেট পাওয়ার পরও নিরজাফটে এসে অনুশীলন করতে পারেন সম্পূর্ণ বিনামূল্যে। অবশ্য এই সময় কোনও উপকরণ বাইরে থেকে আনার অনুমতি দেওয়া হয় না। কর্তৃপক্ষই উপকরণ জোগান দেন। প্র্যাকটিসের সময় যে-দ্রব্যটি তৈরি হয়, সেটি কর্তৃপক্ষকেই দিয়ে যেতে হয়।

**ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়:** আইসিএআর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২, রিজেন্ট পার্ক (রানিকুঠি বাসস্টপে নেমে ২ মিনিটের হাঁটাপথ), কলকাতা ৭০০০৪০। ফোন: ০৩৩-২৪২১-২১১৫/১৬/১৭

## নন উভেন ব্যাগ ও কাগজের ব্যাগের মেশিন

ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রিতে কাগজের ব্যাগ তৈরির অটোমেটিক মেশিনের দাম ছ'লক্ষ টাকা। মেশিনে শুধুমাত্র কাগজের রিল লাগিয়ে দিলে পেপার কাটিং ও পেস্টিং হয়ে সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়। একজন কর্মীই পুরো কাজটা পরিচালনা করতে পারেন।

অটোমেটিক নন উভেন কাপড়ের ব্যাগ তৈরির মেশিনের দাম প্রায় সাড়ে সাত লক্ষ টাকা। সেমি অটোমেটিক মেশিনের দাম অনেকটাই কম। এক বছরের ওয়ারেন্টি থাকে। সব ক্ষেত্রেই বিনামূল্যে ক্রেতার ব্যবসাকেন্দ্রে মেশিন ইনস্টল করে দেন ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি কর্তৃপক্ষ। কর্মীদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থাও করেন তাঁরা।


**মেশিন কেনার জন্য যোগাযোগ:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩, ফোন: (০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬। ইমেল: bharatmachinetools1@rediffmail.com

যে কোনও ব্যবসা শুরু করার আগে বাজার সমীক্ষা করে সংশ্লিষ্ট সামগ্রীটির চাহিদা ও জোগান সম্পর্কে জানা জরুরি। ক্রেতার পছন্দ সম্পর্কে ধারণা হওয়ার পাশাপাশি এই পদ্ধতিতে ব্যবসাটির সম্ভাবনা সম্পর্কেও আগাম ধারণা পাওয়া যায়। উৎপাদিত সামগ্রীর মান ঠিক রেখে দাম অন্যদের তুলনায় কিছু কম রাখলে, অর্থাৎ প্রথমে কম লাভ রেখে ব্যবসা শুরু করলে বাজার ধরতে সুবিধা হবে। উৎপাদিত ব্যাগ সুন্দর এবং আকর্ষণীয় করার জন্য গ্রাফিক ডিজাইনের সাহায্য নিতে পারেন।


কেরিয়ার গড়ে উঠুক

প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে

JIS UNIVERSITY | JIS GROUP Educational Initiatives




উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS UNIVERSITY তাদের পাঠ্যক্রমে নিয়ে এসেছে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে দেশের এবং নিজের ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।

Accreditations, Affiliations & Approvals: UGC | ICAR | AICTE

ভর্তি চলছে ২০২২

JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স)
(4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ

JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং)
(4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ

নিয়োগক্ষেত্র ও সম্ভাবনা

- রাষ্ট্রায়াত্ব ব্যাঙ্ক (ফিল্ড অফিসার, প্রবেশনারি অফিসার, সহকারী)
- কেন্দ্র ও রাজ্য সরকারে বিশেষ আধিকারিক (ADA, ফুড সেফটি, FCI ওয়্যারহাউস কর্পোরেশন, NABARD, FSSAI, উৎপাদন কেন্দ্র সুরক্ষা, ভূমি সংরক্ষণ ইত্যাদি)
- কর্পোরেট ক্ষেত্র, কৃষি-রাসায়নিক, খাদ্য প্রক্রিয়াকরণ, জৈব সার, (বীজ উৎপাদন, মাইক্রোবায়াল সার সংস্থা ইত্যাদি)
- অগ্রণী সমাজকল্যাণমূলক সংস্থায় বিশেষ আধিকারিক
- প্রযুক্তি আধিকারিক / ইঞ্জিনিয়ার (কৃষি-যান্ত্রিক, ট্র্যাক্টর ও পাওয়ার টিলার, কৃষি নির্ভর সংস্থা)
- উচ্চশিক্ষার সুযোগ (M.Sc, Ph.D, ICAR প্রতিষ্ঠানে শিক্ষা ও গবেষণা)
- কৃষি-উদ্যোগী, রাজ্য ও কেন্দ্র সরকারের সহায়তায়

সুবিধা এবং পরিকাঠামো

- বিস্তৃত ক্যাম্পাস, সুসজ্জিত ল্যাবরেটরি ও লাইব্রেরি সহ স্মার্ট ক্লাসরুম
- ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি কৃষি সরঞ্জাম দিয়ে সজ্জিত ফার্ম ওয়ার্কশপ
- ফিল্ড প্র্যাকটিস ও গবেষণার জন্য ক্যাম্পাসের অধীনেই বিশাল কৃষিজমি
- বিশেষজ্ঞ শিক্ষকমন্ডলী এবং ভিজিটিং ফ্যাকাল্টি
- কর্পোরেট সেক্টরের সাথে হাতে-কলমে প্রশিক্ষণ ও জাতীয় এবং বহুজাতিক সংস্থায় শিল্প প্রশিক্ষণ (বীজ, সার ও কীটনাশক)
- প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং-এর সুবিধা
- KVK, ICAR ইনস্টিটিউটে (NDRI, IVRI, আয়ুর্বেদা ইনস্টিটিউট, ইত্যাদি) একাধিকবার কৃষিক্ষেত্র পরিদর্শন
- ছেলে ও মেয়েদের জন্য সুসজ্জিত হস্টেল

PLACEMENT TRAINING FROM DAY 1 Block A, Phase-III, Kalyani - 741235

APPLY NOW www.jisgroup.org


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in